



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং : ২৬৪/২০২২

তারিখ : ৩০/০৬/২০২২ খ্রিঃ।

রংপুর জেলা জজ আদালতের অবসরপ্রাপ্ত সাঁটলিপিকার জনাব মোঃ সিরাজুল ইসলাম-এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর নিমিত্ত দাখিলী আবেদনের প্রেক্ষিতে তাহার সার্ভিস বহি, পেনশন পেপারসহ আনুষঙ্গিক কাগজপত্র এবং অত্রআদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। উক্ত কর্মচারীর ই.এল.পি.সি. মোতাবেক তাহার সর্বশেষ মূল বেতন ৪৩,৪৩০/- টাকা (শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য) এবং তাহার মোট চাকুরীকাল ২৫(পঁচিশ) বৎসরের উর্দে হওয়ায় বিধি মোতাবেক তিনি মূল বেতনের ৯০% এর অর্ধাংশ পেনশন হিসাবে এবং বাকী অর্ধাংশ আনুতোষিক হিসাবে পাইতে অধিকারী।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক রংপুর জেলা জজ আদালতের অবসরপ্রাপ্ত সাঁটলিপিকার জনাব মোঃ সিরাজুল ইসলাম এর ৪৩,৪৩০/- (তেতাল্লিশ হাজার চারশত ত্রিশ) টাকা মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাঁড়ায় ৩৯,০৮৭/-টাকা। তাহাকে উক্ত মোট অবসর ভাতার অর্ধাংশ ১৯,৫৪৩.৫০/-টাকা এর প্রতি ১/- টাকার বিনিময়ে ২৩০/-টাকা হারে আনুতোষিক হিসাবে $(১৯,৫৪৩.৫০ \times ২৩০) = ৪৪,৯৫,০০৫/-$ (চুয়াল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার পাঁচ) টাকা এবং বাকী অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসাবে ১৯,৫৪৩.৫০/- (উনিশ হাজার পাঁচশত তেতাল্লিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং : জেঃজঃরং- ২৬৬ (০৬)/২০২২

তারিখ : ৩০/০৬/২০২২ খ্রিঃ।

- ১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ২। বিজ্ঞ বিচারক, (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর। (ছবি সংযুক্ত পূরণকৃত পেনশন পেপার ০১টি, চাকুরী খতিয়ান বহি ০১টি এবং আনুষঙ্গিক কাগজপত্র ১১ ফর্দ।
- ৪। জনাব মোঃ সিরাজুল ইসলাম, অবসরপ্রাপ্ত সাঁটলিপিকার, জেলা জজ আদালত, রংপুর।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।